# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 17 May, 2025

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র হিসেবে ইঞ্জিনিয়ার ইশরাক হোসেনকে দায়িত্ব বুঝিয়ে দেওয়ার দাবিতে লং মার্চ টু সচিবালয় কর্মসূচি ঘোষণা করা হয়েছিল আগেই। সেই ঘোষণা অনুযায়ী 'ঢাকাবাসী' ব্যানারে নগরভবনের সামনে স্লোগান, মিছিল নিয়ে জড়ো হচ্ছেন ইশরাকপন্থীরা।

আজ (শনিবার) সকাল থেকে গুলিস্থানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নগরভবনের সামনে জড়ো হচ্ছেন তারা।সেখানে তারা 'শপথ নিয়ে টালবাহানা চলবে না চলবে না', 'অবিলম্বে ইশরাক হোসেনের শপথ চাই, দিতে হবে', 'জনতার মেয়র ইশরাক ভাই, অন্য কোনো মেয়র নাই' ইত্যাদি স্লোগান দিচ্ছেন।

এর আগে গতকাল গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ঢাকা দক্ষিণ সিটিতে বসবাসকারী ভোটারদের পক্ষ থেকে সাধারণ নাগরিকরা লং মার্চ টু সচিবালয় কর্মসূচি পালন করবেন।

প্রসঙ্গত  ২০২০ সালের ১ ফেব্রুয়ারি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নির্বাচন অনুষ্ঠিত হয়।বিএনপির ইশরাক হোসেনকে পৌনে ২ লাখ ভোটের ব্যবধানে হারিয়ে আওয়ামী লীগের শেখ ফজলে নূর তাপস মেয়র হন।গেল ২৭ মার্চ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২০২০ সালের নির্বাচনে ফজলে নূর তাপসকে বিজয়ী ঘোষণার ফল বাতিল করে বিএনপি নেতা ইশরাককে মেয়র ঘোষণা করা হয়।

ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন লং মার্চ টু সচিবালয় সিটি কর্পোরেশন নগরভবন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:24

URL: https://www.timestodaybd.com/national/7758072572